



দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়.
ঢাকা

বিষয় : দুদকের গণশুনানি (Public Hearing) সম্পর্কিত নীতিমালা।

সূত্র : নথি নং- দুদক/প্রতিরোধ/গণশুনানি/১৪/২০১৪।

০১। দুর্নীতি দমন কমিশন আইন ২০০৪ এর ১৭ (ট) ধারা মোতাবেক দুর্নীতি প্রতিরোধে প্রয়োজনীয় যে কোন ব্যবস্থা গ্রহণের জন্য দুদক আইনানুগভাবে ক্ষমতাপ্রাপ্ত। উক্ত আইনের আলোকে জনগণের জন্য প্রদত্ত সরকারি পরিষেবা দক্ষ ও কার্যকর উপায়ে প্রাপ্তি নিশ্চিতকরণ ও সরকারি কর্মকর্তাগণের মধ্যে সততা ও মূল্যবোধের মান বজায় রাখা ও বৃদ্ধির লক্ষ্যে দেশের প্রতিটি জেলা এবং উপজেলায় দুর্নীতি প্রতিরোধ কমিটির সহযোগিতায় প্রতি মাসে একটি গণশুনানির (Public Hearing) আয়োজন করা যাবে।

উল্লেখ্য, মন্ত্রিপরিষদ বিভাগের জেলা ম্যাজিস্ট্রেসি নীতি শাখা থেকে সরকারি দপ্তরে দুর্নীতি প্রতিরোধ ও গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে গত ১ জুন ২০১৪ এর ০৪.০০.০০০০.৫১২.৫১.০০১.১৪.১৫৬ এবং ৫ জুন ২০১৪ তারিখের ০৪.০০.০০০০.৫২১.৩৫.০০৪.১৪.৫৪৫ স্মারকমূলে সরকারি সকল দপ্তর কর্তৃক গণশুনানি আয়োজনের নিমিত্ত ইতোমধ্যে এ বিষয়ে সুস্পষ্ট নির্দেশনা প্রদান করা হয়েছে।

০২। এ গণশুনানি (Public Hearing) দুর্নীতি দমন কমিশনের সংশ্লিষ্ট সমন্বিত জেলা কার্যালয়ের উদ্যোগে অথবা সংশ্লিষ্ট যে কোন জনস্বার্থ সংশ্লিষ্ট সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের উদ্যোগে সংশ্লিষ্ট জেলার দুর্নীতি প্রতিরোধ কমিটির সহায়তায় আয়োজন করা যাবে।

- ০৩। এ গণশুনানির মূল লক্ষ্য হবে জেলা ও উপজেলা পর্যায়ে সরকারের যেসকল সেবা প্রদানকারী কার্যালয় রয়েছে নাগরিক সনদের ভিত্তিতে তাদের সেবার মান উন্নয়ন ও সেবা গ্রহীতার অভিযোগ নিরসনের উদ্যোগ গ্রহণ এবং দুর্নীতি প্রতিরোধের লক্ষ্যে কার্যকর উপায় উদ্ভাবন এবং তা বাস্তবায়ন।
- ০৪। জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী কর্মকর্তার নিকট দুর্নীতি দমন কমিশনের সংশ্লিষ্ট পরিচালক, বিভাগীয় কার্যালয়, সমন্বিত জেলা কার্যালয়ের উপপরিচালকগণ আনুষ্ঠানিকভাবে গণশুনানিতে উপস্থিত থাকার আমন্ত্রণ পত্র প্রেরণ করতে পারবেন। এছাড়া এরূপ গণশুনানির স্থান ও সময় নির্ধারণের ক্ষেত্রে জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী কর্মকর্তার প্রয়োজনীয় সহযোগিতা কামনা করে পত্র প্রেরণ ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে পারবেন।
- ০৫। এ গণশুনানি (Public Hearing) স্থানীয় গণ্যমান্য সুধীমণ্ডলী, সরকারি সেবা গ্রহীতা, মিডিয়া ও সুশীল সমাজের প্রতিনিধি, আইনজীবী, এনজিও এবং অন্যান্য আত্মহী ব্যক্তিবর্গসহ সবার জন্য উন্মুক্ত থাকবে। প্রয়োজনীয় ক্ষেত্রে দুর্নীতি দমন কমিশনের সমন্বিত জেলা কার্যালয়ের কর্মকর্তা উপযুক্ত ব্যক্তিবর্গকে পত্রযোগে ও টেলিফোনে উপস্থিতির আমন্ত্রণ জানাতে পারবেন। এক্ষেত্রে দুর্নীতি প্রতিরোধ কমিটির সাথে পরামর্শ করে পদক্ষেপ গ্রহণ করা যাবে।
- ০৬। স্থানীয় সংসদ সদস্য, মেয়র, উপজেলা চেয়ারম্যান, পৌর কমিশনার, ওয়ার্ড কমিশনারসহ সম্মানিত জনপ্রতিনিধির জন্য এ গণশুনানি উন্মুক্ত থাকবে। উক্ত গণশুনানিতে জনপ্রতিনিধিগণ উপস্থিত থাকার সদিচ্ছা প্রকাশ করলে তাঁদের আমন্ত্রণ জানানো যাবে।
- ০৭। সততা সংঘের সদস্যরা যদি অগ্রহ প্রকাশ করে তবে তারাও উপস্থিত থাকতে পারবে। তাদের উপস্থিতির বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান ও অভিভাবকের সহযোগিতা গ্রহণ করা যাবে।
- ০৮। এ গণশুনানির (Public Hearing) কার্য পরিধি হবে নিম্নরূপ :
- (ক) জেলা/উপজেলা হাসপাতাল, ভূমি অফিস, রেজিস্ট্রেশন অফিসসহ জেলা ও উপজেলার সকল অফিসের সেবার মান ও সেবাগ্রহীতার অভিযোগ শ্রবণ;
- (খ) প্রাপ্ত অভিযোগের ভিত্তিতে আইনানুগ নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ;
- (গ) দুর্নীতি প্রতিরোধের লক্ষ্যে কার্যকর উপায় উদ্ভাবন ও তা বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ;

- (ঘ) জেলা ও উপজেলা পর্যায়ে যে সকল সরকারি অফিস রয়েছে, সে সকল অফিসের সেবা গ্রহণের বিষয়ে প্রাপ্ত অভিযোগ কোন ব্যক্তি কর্তৃক উত্থাপনের ক্ষেত্রে সেবা গ্রহণের সময় কোন প্রমাণপত্র থাকলে তা প্রদর্শন করতে হবে।
- (ঙ) কাউকে হয়ে প্রতিপন্ন করার জন্য মিথ্যা, বিরক্তিকর ও মানহানিকর কোন অভিযোগ উপস্থাপন করা যাবে না। মিথ্যা অভিযোগ উপস্থাপন করা হলে তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।
- (চ) এ গণশুনানির (Public Hearing) মূল লক্ষ্য জনগণের প্রাপ্ত সেবার মান উন্নয়ন ও দুর্নীতি প্রতিরোধে কার্যকর ব্যবস্থা গ্রহণ। সহজভাবে শুধুমাত্র সেবা গ্রহীতার অভিযোগ ও সেবার মান উন্নয়নের সুপারিশ অত্যন্ত সংক্ষেপে উপস্থাপন করা যাবে।
- (ছ) গণশুনানিতে (Public Hearing) দুর্নীতি প্রতিরোধ কমিটির সভাপতি/সাধারণ সম্পাদক কার্যবিবরণী মেট্রিক্স আকারে সংক্ষেপে নিম্নে ছকে লিপিবদ্ধ করবেন।

ক্রমিক নং	অভিযোগকারীর নাম, ঠিকানা ও মোবাইল ফোন নং	অভিযোগের বিবরণ (অতি সংক্ষেপে)	সংশ্লিষ্ট দপ্তর ও কর্মকর্তা/কর্মচারীর নাম	গৃহীত ব্যবস্থা (সংক্ষেপে)

- (জ) দুর্নীতি প্রতিরোধ কমিটি গণশুনানি (Public Hearing) শেষে লিখিত কার্যবিবরণী স্থানীয় দুর্নীতি দমন কমিশন কার্যালয়ে জমা দিবেন।
- (ঝ) দুর্নীতি প্রতিরোধ কমিটি গণশুনানির (Public Hearing) মূল ভূমিকা পালন করবে। জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার অথবা উপযুক্ত একজন কর্মকর্তা সঞ্চালক হিসেবে উপস্থিত থাকবেন। দুর্নীতি প্রতিরোধ কমিটির সহায়তায় দুর্নীতি দমন কমিশনের স্থানীয় অফিস গণশুনানি (Public Hearing) আয়োজন করার দায়িত্ব পালন করতে পারবে।
- (ঞ) দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয় হতে মাননীয় চেয়ারম্যান, কমিশনার মহোদয়গণ, সচিব এবং মহাপরিচালকের নিম্নে নয় এমন কর্মকর্তা সংশ্লিষ্ট দিনে গণশুনানিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে পারবেন।